



ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)
ডুয়েট, গাজীপুর।


স্মারক নং- ঢাপ্রপ্রবি/IQAC/২০২৫/৫৭১

তারিখ : ১১/১১/২০২৫ খ্রি.

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২৩/১১/২০২৫ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ০৯.০০ ঘটিকায় অত্র বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) কর্তৃক **Seminar on “Implementation of OBE in a Programme Towards Achieving Accreditation”** বিষয়ে সেমিনার, সেমিনার কক্ষ (কক্ষ নং ৩১১, পুরাতন একাডেমিক ভবনের ৩য় তলা) এ অনুষ্ঠিত হবে। উক্ত সেমিনারে প্রধান অতিথি ও মূল আলোচক হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জয়নাল আবেদীন। বিশেষ অতিথি ও আলোচক হিসেবে উপস্থিত থাকবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ আরেফিন কাওসার। উক্ত সেমিনারে সভাপতি ও সঞ্চালক হিসাবে সেমিনার পরিচালনা করবেন অধ্যাপক ড. মোঃ ওবায়দুর রহমান, পরিচালক, আইকিউএসি, ডুয়েট, গাজীপুর। উক্ত সেমিনারে র্যাটোটিয়ার হিসাবে থাকবেন অধ্যাপক ড. শফিকুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, আইকিউএসি, ডুয়েট, গাজীপুর। এছাড়াও উক্ত সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত থাকবেন **Prof. Dr. Shamsuddin Ahmed**, Department of Mechanical and Production Engineering, Islamic University of Technology (IUT) Gazipur.

উল্লিখিত প্রশিক্ষণে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, বিভাগীয় প্রধান এবং CE/ME/EEE/CSE/TE বিভাগ হতে মনোনীত ০৪ জন করে ২০ জন, IPE/Arch/MME/FE/ChE বিভাগ হতে মনোনীত ০৩ জন করে ১৫ জন, Physics/Chemistry/Math/HSS বিভাগ হতে মনোনীত ০২ জন করে ০৮ জন শিক্ষকগণ অংশগ্রহণ করবেন। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সেমিনারে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।



অধ্যাপক ড. মোঃ ওবায়দুর রহমান
পরিচালক, আইকিউএসি,
ডুয়েট, গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল-

- ১। পিএস টু ডিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। এপিএস টু প্রো-ডিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। সকল ডিন;
- ৪। সকল বিভাগীয় প্রধান (বিভাগের মনোনীত শিক্ষকগণকে সেমিনারে অংশগ্রহণে অবহিত করার জন্য অনুরোধ করা হল);
- ৫। অতিরিক্ত পরিচালক (আইকিউএসি);
- ৬। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল);
- ৭। অফিস প্রধান, প্রকৌশল অফিস (সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল);
- ৮। সংরক্ষণ নথি।